যখন তোমাদের কেউ রাতে জাগ্রত হয় এবং কুরআন তার মুখে কঠিন ঠেকে, কী বলছে বুঝতে পারে না, সে শুয়ে পড়বে।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যখন তোমাদের কেউ রাতে জাগ্রত হয় এবং কুরআন তার মুখে
কঠিন ঠেকে, কি বলছে বুঝতে পারে না, সে শুয়ে পড়বে।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: বান্দা যখন রাতের সালাতে থাকে এবং ঘুমের প্রভাবে তার পক্ষে কুরআন তিলাওয়াত করা কঠিন হয় যে, কি পড়ছে বলতে পারে না, তখন সে শুয়ে পড়বে, যতক্ষণ না তার থেকে ঘুম চলে যায়। যাতে আল্লাহর কালাম বিকৃত ও পরিবর্তিত না হয় এবং হতে পরে তার মুখ থেকে এমন কথা বের হবে যা বৈধ নয়। যেমন, অর্থের পরিবর্তন, বাক্য বিকৃতি এবং হতে পারে নিজের ওপর বদ-দো‘আ করবে। সহীহ বুখারীতে আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যখন তোমাদের কেউ সালাতে তন্দ্রাচ্ছন্ন হয়, সে ঘুমিয়ে নিবে, যতক্ষণ না সে তার তিলাওয়াত বুঝতে পারে।”

http://sunnah.global/hadeeth/bn/show/3734